দৈনিক বাংলা

তারিখ ... 19 OCT 1992 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ২ ...

16

## এবতেদায়ী মাদ্রাসা

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার রোববার জাতীয় সংসদে বলেন যে, যেসব এবতেদায়ী মাদ্রাসা সরকারী অনুমোদন পায়নি, সেসব এবতেদায়ী মাদ্রাসার শিক্ষকদের বেতনের ৭০ ভাগ সরকার থেকে প্রদানের বিষয় বিবেচনা করা হচ্ছে। শিক্ষামন্ত্রী রোববার সংসদে সালাহউদ্দিন কাদের চৌধুরীর (চট্টগ্রাম–৬) এক দৃষ্টি আকর্ষণীর জবাবদানকালে একথা বলেন।

তিনি আরো বলেন যে সারাদেশে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু পরিকল্পনার অধীনে প্রাইমারী শিক্ষকদের সঙ্গে এবতেদায়ী মাদ্রাসা শিক্ষকরেদও বেতন স্কেল প্রণয়ন কল হবে।